জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা

বিষয়ঃ জননিরাপত্তা বিভাগের সেপ্টেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জননিরাপত্তা বিভাগের সেপ্টেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। অক্টোবর/২০১৯ মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি এবং পেনড্রাইভে সফটকপি আগামী ১৭ অক্টোবর/২০১৯ (Nikosh Unicode Font) তারিখের মধ্যে প্রশাসন-৩ অধিশাখায় সরাসরি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ................পাতা।

১৩/১০/১৯
(আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
ই-মেইল: admin3@mhapsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। অতিরিক্ত সচিব ..................................................(সকল) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব ........................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। উপসচিব ........................................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪। উপ-প্রধান (পরিকল্পনা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিঃ সহকারী সচিব/সিনিঃ সহকারী প্রধান.....................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। সহকারী সচিব......................... (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য।

স্মারক নং -৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.২০১৯- ৪৫৪ তারিখঃ ১৩/১০/২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ

সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা

# জননিরাপত্তা বিভাগের সেপ্টেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোস্তাফা কামাল উদ্দীন
সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

তারিখ : ২৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

সময় : বেলা ১০:০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি), অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি), অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত) সহ জননিরাপত্তা বিভাগের বিভিন্ন শাখার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভার কার্যক্রম শুরু করেন।

২.০ আলোচনা :

সভাপতি জননিরাপত্তা বিভাগের সকল শাখা/অধিশাখার কর্মকর্তাদের আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানান। সরকারের ইশতেহার অনুযায়ী ৩ কোটি মানুষের জন্য চাকুরির সুযোগ সৃষ্টি করতে হবে। এ জন্য পদ সৃজন সংক্রান্ত পেন্ডিং বিষয় গুলো জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/মন্ত্রিপরিষদ বিভাগ-এ যোগাযোগ করে নিষ্পন্ন করার তাগিদ দেন। এছাড়া সরকারের ভিশন ২০২০, ২০৩০ ও ২০৪১ এর লক্ষ্যে পৌছানোর জন্য জ্ঞান অর্জন করতে হবে এবং পড়াশোনা করে নিজের যোগ্যতা প্রমান করতে হবে। নিরাপত্তার বিষয়টির উপর গুরুত্বারোপ করে "Sky Marshal" গঠনের জন্য আইন প্রনয়ন জননিরাপত্তা বিভাগের কার্যপরিধির আওতাভুক্ত না হওয়ায় তা বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রেরনের ব্যবস্থা করতে হবে।

শাখা/অধিশাখাসমূহে কোন গুরুত্বপূর্ণ চিঠিপত্র পেন্ডিং আছে কিনা তা সঠিকভাবে যাচাই করতে বলেন। নিয়মিত উপস্থাপিত আলোচনার উপর আলোচনা হয়।

৩.০
বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ৩.১ "Sky Marshal" গঠনের জন্য আইন প্রনয়ন বিষয়টি Rules of Business অনুযায়ী জননিরাপত্তা বিভাগের নয় বিধায় তা বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | আইন ও শৃংখলা/পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ |
| ৩.২ জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের যে সকল পদসৃজন সংক্রান্ত বিষয় জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/মন্ত্রিপরিষদ বিভাগ-এ পেন্ডিং আছে তা দ্রুত নিষ্পত্তি করে চাকরির সুযোগ সৃষ্টি করতে হবে। | অনুবিভাগ (সকল) |
| ৩.৩ জননিরাপত্তা বিভাগের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার লক্ষ্যে লিগাল এডভাইজার নিয়োগের আনুষ্ঠানিকতা ০৭(সাত) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। | আইন ও শৃংখলা অনুবিভাগ |
| ৩.৪ পরিদর্শন জোরদার করে গুরুত্বপূর্ণ চিঠিপত্র পেন্ডিং আছে কিনা তা চিহ্নিত করে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | অনুবিভাগ (সকল) |

৪.০ সভায় আগস্ট/২০১৯ ও পূর্ববর্তী সমন্বয় সভায় গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় :

| | | | |
|---|---|---|---|
| ৩.১ | পরিদর্শন : (ক) সচিবালয় নির্দেশমালায় বর্ণিত প্রমাপ অনুযায়ী শাখা/অধিশাখা পরিদর্শন করতে হবে। (খ) জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক এবিভাগের প্রকল্পসমূহ পরিদর্শন করতে হবে। | সচিবালয় নির্দেশমালায় বর্ণিত প্রমাপ অনুযায়ী ০২টি শাখা পরিদর্শন করা হয়েছে। | অনুবিভাগ প্রধান /(সকল) শাখাঅধিশাখার / দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| ৩.২ | প্রকল্পসমূহ পরিদর্শন<br>জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক এবিভাগের প্রকল্পসমূহ পরিদর্শনের কার্যক্রম চলমান রয়েছে। | জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক এবিভাগের প্রকল্পসমূহ পরিদর্শনের কার্যক্রম চলমান রয়েছে। | উন্নয়ন অনুবিভাগ |
| ৩.৩ | পেন্ডিং বিষয়াদি দ্রুত নিষ্পত্তিকরণ :<br>(ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরের সংগে নিয়মিত যোগাযোগ করে পেন্ডিং বিষয়াদি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জননিরাপত্তা বিভাগের ৩৭টি শাখা/অধিশাখা হতে পেন্ডিং বিষয়াদির বিবরণী পাওয়া গেছে। | অনুবিভাগ প্রধান/(সকল) শাখাঅধিশাখার দায়িত্ব/ প্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |

| | | | |
|---|---|---|---|
| | (খ) অনুবিভাগ প্রধানের অনুমোদনক্রমে অনুবিভাগ ভিত্তিক পেন্ডিং তালিকা প্রেরণ করতে হবে।<br>(গ) পেন্ডিং এর তালিকা প্রেরণের সময় পেন্ডিং এর বিষয় উল্লেখ করতে হবে। | | |
| ৩.৪ | জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে ই-টেন্ডারিং-এর আওতায় বাস্তবায়ন করতে হবে। | জননিরাপত্তা বিভাগের বিভিন্ন ক্রয় ই-টেন্ডারিং-এর আওতায় গত অর্থবছরে সম্পন্ন করা হয়েছে। বর্তমানে অর্থ বছরে ই-টেন্ডারিং কার্যক্রম এখনও শুরু করা হয়নি।<br>বিবেচ্য মাস: আগস্ট/২০১৯; মোট টেন্ডারের সংখ্যা: ০০; ই-টেন্ডার এর সংখ্যা: ০০; ই-টেন্ডারের শতকরা হার: ০০ | প্রশাসন অনুবিভাগ/ প্রশাসন অধিশাখা-২ ও গণপূর্ত বিভাগ |
| ৩.৫ | GRS সম্পর্কিত অভিযোগসমূহ নিয়মিতভাবে নিষ্পত্তি করতে হবে। | মাসের নাম: আগস্ট/২০১৯; বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা: ২০; বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা: ২০ | আইন অনুবিভাগ/আইন অধিশাখা |
| ৩.৬ | অধিদপ্তর/দপ্তরের জনবল সংক্রান্ত :<br>(ক) বিজিবি<br>বিজিবির চাহিদাকৃত ১৫০০০ জনবলের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ৪২৮২টি পদের সম্মতি গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রস্তাবটি অর্থ বিভাগে অনুমোদনের অপেক্ষমান।<br>(খ) আনসার<br>জনপ্রশাসন মন্ত্রণালয় উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের ৬১টি পদ সৃজনের প্রস্তাবটি বিবেচনার জন্য কতিপয় তথ্য প্রদানের জন্য অনুরোধ করে। এ প্রেক্ষিত আনসার ও ভিডিপি অধিদপ্তর গত ১১/০৭/১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের জিজ্ঞাস্য তথ্যাদি প্রেরণ করে।<br>(গ) বাংলাদেশ পুলিশ<br>বাংলাদেশ পুলিশে পর্যায়ক্রমে অতিরিক্ত জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) বিজিবি<br>জননিরাপত্তা বিভাগ এর ২৪৫ নং স্মারকের অনুরোধের প্রেক্ষিতে অর্থ বিভাগের ১৭/০৭/২০১৯ তারিখের ৩৯২ নং স্মারকের ৪২৮২টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করেছে। বর্তমানে বেতনস্কেল যাচায়ের জন্য অর্থ বিভাগে বাস্তবায়ন অনুবিভাগে চলমান আছে।<br>(খ) আনসার<br>প্রস্তাবটিতে সম্মতি প্রদানের লক্ষ্যে ২১/০৮/১৯ তারিখের ১৪৩নং স্মারকের মাধ্যমে জিজ্ঞাস্য তথ্যাদি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(গ) বাংলাদেশ পুলিশ<br>মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত বাংলাদেশ পুলিশের ৫০০০০ (পঞ্চাশ হাজার) পদের মধ্যে ইতোমধ্য সর্বমোট ৪৮৩০০ জন নিয়োগ প্রদান করা হয়েছে। বাকী পদ সমূহের নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া বিভিন্ন ইউনিটে সম্মতিকৃত অতিরিক্ত-<br>(১) MRT Police Force গঠনে: ৮০৯ জন;<br>(২) বাংলাদেশ পুলিশের সাংগঠনিক কাঠামোভুক্ত ১৩টি জেলা পুলিশ হাসপাতালের কাঠামো সংস্কারে: ২৩৪জন;<br>(৩) বাংলাদেশ পুলিশের সাংগঠনিক কাঠামোতে নতুন ০২টি পিটিসি (মৌলভীবাজার ও বরিশাল) সংস্থাপনে: ২৫৪; জন এবং<br>(৪) ১৬ আর্মড পুলিশ ব্যাটালিয়ন গঠনে : ৫৮৮ জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | |

৫.০ এ পর্যায়ে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য সভাপতি সকল কর্মকর্তাকে অধিকতর নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের জন্য নির্দেশ দেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তাফা কামাল উদ্দীন)
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।